

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
বীর উত্তম এ, কে খন্দকার সড়ক  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২

[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং ৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৬- ৭৭

তারিখ: ১০/০১/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরের অতিদিনদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর (ইজিপিপি) ১ম পর্যায় বাস্তবায়নের সময়সীমা সংশোধন ও EGPP-MIS software এর মাধ্যমে কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।


সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৮২১.৯৬.০০১.১৫-০৩, তারিখ: ০৩/০১/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে অতিদিনদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি) এর আওতায় ৪৮৯টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে গত ০১/০১/১৭ তারিখ বিভিন্ন স্মারকে বরাদ্দপত্র জারী করা হয়েছে। বরাদ্দপত্রের ১নং শর্তে ০৭/০১/২০১৭ তারিখ হতে শুরু করে ০১/০৩/২০১৭ তারিখের মধ্যে শেষ করতে হবে এবং ২নং শর্তে ০৭/০১/২০১৭ তারিখ হতে কাজ শুরু করা যায় সেজন্য ইউনিয়নওয়ারী কার্ড সংখ্যা নির্ধারণ, শ্রমিক বাছাইসহ প্রকল্প বাছাইয়ের কাজ ঐ তারিখের মধ্যেই সম্পূর্ণ করতে হবে মর্মে উল্লেখ করা হয় (কপি সংযুক্ত)।

১। এক্ষণে সূত্রে বর্ণিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক বিষয়গুলি নিম্নোক্তভাবে সংশোধন করা হলো।

- (ক) কর্মসূচির কার্যক্রম ১০/০১/২০১৭ তারিখ হতে শুরু করে ১০/০৩/২০১৭ তারিখের মধ্যে শেষ করতে হবে।  
(খ) ১০/০১/২০১৭ তারিখ হতে কাজ শুরু করা যায় সেজন্য ইউনিয়নওয়ারী কার্ড সংখ্যা নির্ধারণ, শ্রমিক বাছাইসহ প্রকল্প বাছাইয়ের কাজ ঐ তারিখের মধ্যেই সম্পূর্ণ করতে হবে।  
(গ) ২০১৬-১৭ অর্থ বছরে অতিদিনদের জন্য কর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়নের জন্য EGPP-MIS software ব্যবহার করে কর্মসূচি বাস্তবায়ন সম্পূর্ণ করতে হবে। অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৩। এমতবস্থায়, সংশোধিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(শারিফুল ইসলাম)  
(উপ সচিব)  
উপ পরিচালক (কাৰিখা-৩)

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা-----

জেলা -----।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।  
২। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।  
৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, -----।  
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -----।  
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।